

২১৩৮৯৮৩

## পারস্পারিক সমঝোতা চুক্তি

১ম পক্ষ: প্রকৌ: মো: মোজাহার হোসেন , অধ্যক্ষ , ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরে  
বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

Web address: [www.dmpi.gov.bd](http://www.dmpi.gov.bd) , e-mail : [dhakampi1985@gmail.com](mailto:dhakampi1985@gmail.com)  
[dhakamohilapoly@yahoo.com](mailto:dhakamohilapoly@yahoo.com) , phone : 88029114013

২য় পক্ষ: এ.এইচ.এম.নোমান খান, নির্বাহী পরিচালক।

Centre for Disability in Development (CDD)

A-18/6, Genda, Savar, Dhaka-1340, Bangladesh

Web: [www.cdd.org.bd](http://www.cdd.org.bd) Email: [cdd@bangla.net](mailto:cdd@bangla.net), [jahangir.bvips@gmail.com](mailto:jahangir.bvips@gmail.com)

Cell: +8801711225524 Phone:(Office): +8801713021695.

ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের পক্ষে জনাব প্রকৌ: মো: মোজাহার হোসেন অধ্যক্ষ এবং CDD এর পক্ষ থেকে এ.এইচ.এম.নোমান খান ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কারিকুলামের দক্ষতা উন্নয়ন কর্মসূচীতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহন বাড়িয়ে তাদের সুযোগ আরও বৃদ্ধি করার লক্ষ্যে এতদ্বারা দ্বিপক্ষীয় সমঝোতা চুক্তি স্বাক্ষর করা হল ।

### উদ্দেশ্য:

প্রতিবন্ধী শিক্ষার্থীদের মধ্যে কারিগরি দক্ষতা অর্জনে উৎসাহ বৃদ্ধি করা এবং সরকারের সংরক্ষিত ৫% কোটা ব্যবস্থা বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখা ।

### চুক্তিনামার ক্ষেত্র:

১. ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রশাসনের সাথে CDD প্রশাসন সরাসরি আলোচনা করে কর্মকান্ড নির্ধারণ করবেন।
২. ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের সংগঠন সমূহের মধ্যে পারস্পারিক সম্পর্ক বৃদ্ধি।
৩. ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের , পরিবার ও সমাজের মধ্যে দক্ষতা উন্নয়ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি ।
৪. প্রশিক্ষণের ফলে প্রতিবন্ধী শিক্ষার্থীরা দক্ষ হবে যা সরকার কর্তৃক ৫% কোটা বাস্তবায়ন স্বরাশ্রিত হবে।
৫. প্রতিবন্ধীর ধরন অনুযায়ী প্রশিক্ষণ প্রদান।


**চুক্তি বাস্তবায়নে ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট এর ভূমিকা:**

১. ভর্তি বিজ্ঞপ্তিতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের অগ্রাধিকারের বিষয়টি উল্লেখ করা।
২. প্রশিক্ষণ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করলে তা প্রতিবন্ধী শিক্ষার্থীদের অবগতির জন্য CDD কে অবহিত করন।
৩. প্রশিক্ষকদের জন্য প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপযোগী দক্ষতা উন্নয়ন সেশনের ব্যবস্থা করা।
৪. প্রতিবন্ধী শিক্ষার্থীদের ভর্তিতে উৎসাহিত করতে বিশেষ বৃত্তি ও সহায়ক উপকরণের ব্যবস্থা করা।
৫. প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিবন্ধী ছাত্রীদের ডাটাবেস তৈরি ও সংরক্ষন করা।
৬. ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট কর্তৃক আয়োজিত বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহন নিশ্চিত করা।

**চুক্তি বাস্তবায়নে CDD এর ভূমিকা:**

১. কারিগরি শিক্ষার গুরুত্বের বিষয়টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিবার ও সমাজে জনসচেতনতা সৃষ্টি করা।
২. প্রতিবন্ধী শিক্ষার্থীদের মধ্যে প্রশিক্ষণ কোর্স বিষয়ে অবগত করা।
৩. কারিগরি শিক্ষা গ্রহনে আগ্রহী প্রতিবন্ধী শিক্ষার্থীদের তালিকা তৈরি করে ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটকে অবগত করা।
৪. অন্যান্য প্রতিবন্ধী সংগঠনগুলো সাথে ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তথ্য আদান প্রদানে সহায়ক ভূমিকা রাখা।
৫. কারিগরি শিক্ষায় শিক্ষিত প্রতিবন্ধী শিক্ষার্থীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে বিভিন্ন চাকুরিদাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা করা।

প্রতিস্বাক্ষর

  
১ম পক্ষ:

প্রকৌঃ মোঃ মোজাহার হোসেন  
অধ্যক্ষ, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

  
২য় পক্ষ:

এ.এইচ.এম.নোমান খান  
নির্বাহী পরিচালক( CDD)